কালের কণ্ঠ

তারিখ ... 03. SEP. 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৬ ...

## অধ্যাপক জাফর ইকবাল বললেন

# ছাত্রলীগের ছেলেদের কী দোষ? ওদের পাঠিয়েছে যারা তাদের শাস্তি দিন

সিলেট অফিস ▷



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত শিক্ষকদের ওপর হামলার ঘটনায় ছাত্রলীগের সাত নেতাকর্মীকে বিশ্ববিদ্যালয় ও সংগঠন থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। তবে শিক্ষকদের আন্দোলনের পক্ষে সমর্থন ব্যক্ত করা অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল বলেছেন, ছাত্রলীগ নেতাকর্মীদের শাস্তি দেওয়ায় কষ্ট পেয়েছেন তিনি। তাঁর ভাষ্যমতে, 'এরা তো ছাত্র, আমাদের ছাত্র। এত কম বয়সী ছেলে, এরা কী বুঝে? এই ছাত্রলীগের ছেলেদের শাস্তি দেওয়াটা এক ধরনের অন্যায়।' তাঁর স্ত্রী অধ্যাপক ড. ইয়াসমিন হকও একই ধরনের প্রতিক্রিয়া জানিয়েছেন।

ছাত্রলীগের নেতাকর্মীদের শাস্তি দেওয়ার বিষয়ে প্রতিক্রিয়া জানতে চাইলে গতকাল বুধবার অধ্যাপক জাফর ইকবাল সাংবাদিকদের বলেন, 'শিক্ষকদের উপর কে হামলা করেছে? ছাত্রলীগের ছেলেরা? না। এরা তো ছাত্র, আমাদের ছাত্র। এত কম বয়সী ছেলে, এরা কী বুঝে? ওদেরকে আপনি যা-ই বোঝাবেন, তাই বুঝবে। কাজেই আমি যখন দেখলাম যে তিন আর চারজনকে বহিষ্কার করা হয়েছে: এখন আমার আক্ষরিক অর্থে ওদের জন্য মায়া লাগছে। আহা, বেচারারা।'

শিক্ষকদের ওপর হামলার পর ক্ষোভ দেখিয়ে বৃষ্টিতে ভিজে প্রতিবাদ জানানো জনপ্রিয় এই কল্পবিজ্ঞান লেখক আরো বলেন, 'যারা তাদের (ছাত্রলীগ নেতাকর্মীদের) ব্যবহার করছে কেউ তাদের কাছে যাচ্ছে না কেন? যারা এই বাচ্চা ছেলেগুলোকে, মিসগাইডেড ছেলেগুলোকে পাঠিয়ে দিয়েছে। এখন তারাই (ছাত্ররা) বিপদে পড়েছে। ছাত্রত্ব বাতিল হবে, শাস্তি হবে। ওরা কী দোষ করেছে? কাজেই, এখন আমার খুবই খারাপ লাগছে। এই ছাত্রলীগের ছেলেদের শাস্তি দেওয়াটা এক ধরনের অন্যায়। যে তাদের পাঠিয়েছে তাদের শাস্তি দেন।'

অধ্যাপক জাফর ইকবাল আরো বলেন, 'এরা আমাদের ছাত্র। এদের আমাদের কাছে পাঠিয়ে দেন। আমরা ওদের মাথায় হাত বুলিয়ে, ওদের সাথে কথা বলে, ওদের ঠিক জায়গায় নিয়ে আসতে পারব। প্রধানমন্ত্রী বলেছেন, আগাছাকে দূর করে দিতে। আমি বলি যে, না। আগাছাকে আমরা ফুলগাছে পরিণত করব।' তিনি উপাচার্যের কঠোর সমালোচনা করেন এবং তাঁর পদত্যাগের দাবি জানান।

শিক্ষকদের ওপর হামলার ঘটনায় ছাত্রলীগের দোষ নেই বলে মন্তব্য করেছেন ইয়াসমিন হক। গতকাল দুপুরে মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকদের মিছিল-সমাবেশ শেষে সাংবাদিকদের কাছে এ প্রতিক্রিয়া জানান তিনি।

অধ্যাপক ড. ইয়াসমিন হক বলেন, 'এ ঘটনায় ছাত্রলীগের কোনো দোষ নেই। তাদের প্রতি আমাদের কোনো রাগ-ক্ষোভ নেই। তারা আমাদের ছাত্র। তাদের আমাদের ওপর হামলার জন্য ব্যবহার করা হয়েছে। তাদের লেলিয়ে দিয়ে স্বার্থ হাসিলের চেষ্টা করছেন ভিসি। তিনি (ভিসি) বারবার মিথ্যা কথা বলছেন। তাঁকে এ বিশ্ববিদ্যালয় ছেড়ে চলে যেতে হবে। এর কোনো বিকল্প নেই।'